দৈনিক বাংলা

0 071

তারিখ ... 27.4.84 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...



বৃহস্পতিবার থেকে সারাদেশে শুরু হয়েছে এইচএসসি পরীক্ষা। ছবি তে রাজধানীর একটি পরীক্ষাকেন্দ্রের দৃশ্য —দৈনিক বাংলা

# এইচএসসি পরীক্ষা শুরু : ২১ জন বহিষ্কার

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল দেশের চারটি শিক্ষা বোর্ডের ১৯৮৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হয়েছে। এদিন সকল বোর্ডে বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় অসদুপায়

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## নকল ধরাকে কেন্দ্র করে—

(নিজস্ব সংবাদদাতা)

ঝিনাইদহ, ২৬শে এপ্রিল।— এইচএসসি পরীক্ষার প্রথম দিনে আজ ঝিনাইদহ কেশবচন্দ্র কলেজ পরীক্ষা কেন্দ্রে বাংলা প্রথম পত্রের পরীক্ষা চলাকালে গোলযোগ হয়।

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ২১ জন বহিষ্কার

(প্রথম পৃঃ পর)

অবলম্বনের অভিযোগে বিভিন্ন বোর্ড থেকে ২১ জনের বহিষ্কারের খবর পাওয়া গেছে।

ঢাকা বোর্ড সূত্রে জানা যায়, মহানগরীতে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। নকল করার অভিযোগে মহানগরীর তিনটি কেন্দ্র থেকে পাঁচজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মাঝে দু'জন ছাত্রী। মুন্সিগঞ্জ কেন্দ্র থেকে একজনের বহিষ্কারের খবর জানিয়েছেন দৈনিক বাংলার সংবাদদাতা।

রাজশাহী বোর্ডের চেয়ারম্যান জানান, প্রথম দিনের পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। তিনি প্রাপ্ত খবর অনুযায়ী পাঁচজন পরীক্ষার্থীর বহিষ্কারের কথা জানান।

কুমিল্লা বোর্ডের একজন কর্মকর্তা গতকাল সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বলে জানান। তিনি দশজন পরীক্ষার্থীর বহিষ্কারের কথা জানান।

শিক্ষামন্ত্রী ডক্টর আবদুল মজিদ খান গতকাল মহানগরীর কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোশাররফ হোসেন তাঁর সঙ্গে ছিলেন। শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে দেখে মন্ত্রী সন্তোষ প্রকাশ করেন।

## নকল ধরাকে

প্রথম পৃঃ পর

এতে পরীক্ষাও বিঘ্নিত হয়। গোলযোগের ফলে দ্বিতীয় পত্রের পরীক্ষা শুরু হয় বিকেল ৩টা ১৫ মিনিটে।

বাংলা প্রথম পত্রের পরীক্ষা শুরু হবার অর্ধ ঘন্টা পর নকল ধরাকে কেন্দ্র করে জনৈক পরীক্ষার্থীর হাতে অধ্যাপক সন্তোষ কুমার দেবনাথ প্রহৃত হন। এ সময় উত্তেজনার সৃষ্টি হলে উক্ত কেন্দ্রের সকল পরীক্ষার্থীই তাদের খাতা ও প্রশ্নপত্রসহ হল থেকে বেরিয়ে আসে। একদল পরীক্ষার্থী কলেজের অধ্যাপকমন্ডলী ও পুলিশের উপর এলোপাথারী ঢিল ছুড়তে থাকে। পরে পুলিশ পরিস্থিতি আয়ত্তে আনে।

পরবর্তীতে কলেজের অধ্যাপকদের এক জরুরী সভায় পরীক্ষা কেন্দ্রে গার্ড না দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। এরপর ঝিনাইদহের জেলা প্রশাসক, পুলিশ কর্মকর্তা ও অধ্যাপকদের মধ্যে ব্যাপক আলোচনার পর বিকেল ৩টা ১৫ মিনিটে দ্বিতীয় পত্রের পরীক্ষা শুরু হয়। এ সময়ই প্রথম পত্রের খাতা জমা দেয়া হয়।

এই কেন্দ্রে ১১৪৭ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। এই ঘটনার ব্যাপারে ঝিনাইদহ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে এবং দু'জন পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়েছে।

অনেক অভিভাবকই অভিযোগ করেছেন যে পরীক্ষা কেন্দ্রে গোলের দরুন তাদের সন্‌... তিরা পরীক্ষা দিতে পারে...